তারিখ 22 AUG 2016
পৃষ্ঠা ২০ কলাম ১

দৈনিক
ইত্তেফাক

# মেডিক্যালে ভর্তি পরীক্ষা ৭ অক্টোবর, ডেন্টালে ৪ নভেম্বর

■ বিশেষ প্রতিনিধি

মেডিক্যাল ও ডেন্টাল কলেজে ২০১৬-১৭ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা গত কয়েক বছর একসঙ্গে হলেও এবার হচ্ছে আলাদা দিনে। মেডিক্যাল কলেজগুলোতে এমবিবিএস কোর্সে ভর্তির পরীক্ষা হবে আগামী ৭ অক্টোবর, অন্যদিকে ডেন্টাল কলেজগুলোতে বিডিএসে ভর্তিতে পরীক্ষায় বসতে হবে ৪ নভেম্বর। গতকাল রবিবার সচিবালয়ে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিমের সভাপতিত্বে ভর্তি সংক্রান্ত এক বৈঠকে এই সিদ্ধান্ত হয় বলে মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়েছে।

বৈঠকে স্বাস্থ্যমন্ত্রী মেডিক্যাল কলেজ ভর্তি পরীক্ষা সম্পূর্ণ স্বচ্ছতার ভিত্তিতে পরিচালনার জন্য সংশ্লিষ্টদের নির্দেশ দিয়ে বলেন, মেডিক্যাল শিক্ষার মান বাড়ানোর জন্য সরকার সব সময় সচেষ্ট। প্রসঙ্গত পৃষ্ঠা ২ কলাম ৫

## মেডিক্যালে ভর্তি

২০ পৃষ্ঠার পর

মেডিক্যাল ও ডেন্টালে আগে একসঙ্গে পরীক্ষা হলেও মাঝে কয়েক বছর আলাদাভাবে ভর্তি পরীক্ষায় নেওয়া হয়েছিল। গত চার বছর ধরে আবার একসঙ্গে পরীক্ষা নিচ্ছিল স্বাস্থ্য মন্ত্রণালয়।

মন্ত্রণালয় জানিয়েছে, এবার এই দুই পরীক্ষায় অংশগ্রহণের জন্য শিক্ষার্থীদের এসএসসি ও এইচএসসিতে সম্মিলিতভাবে ন্যূনতম ৯ পয়েন্ট থাকতে হবে। এমসিকিউ পদ্ধতিতে এক ঘণ্টার পরীক্ষার মাধ্যমে সরকারি-বেসরকারি মিলিয়ে বাংলাদেশের ১২৬টি মেডিক্যাল ও ডেন্টাল কলেজে শিক্ষার্থী ভর্তি করা হয়। ২৯টি সরকারি মেডিক্যাল কলেজে আসন সংখ্যা ৩ হাজার ১৬২ জন। অন্যদিকে ৬৪টি বেসরকারি মেডিক্যাল কলেজে আসন ৫ হাজার ৩২৫টি। সরকারি ৯টি ডেন্টাল কলেজে ৫৩২টি আসন রয়েছে। ২৪টি বেসরকারি ডেন্টাল কলেজে আসন ১ হাজার ২৮০টি।

বৈঠকে অন্যান্যের মধ্যে স্বাস্থ্য প্রতিমন্ত্রী জাহিদ মালেক, স্বাস্থ্য সচিব সৈয়দ মনজুরুল ইসলাম, বাংলাদেশ মেডিক্যাল রিসার্চ কাউন্সিলের চেয়ারম্যান অধ্যাপক ডা. সৈয়দ মোদাচ্ছের আলী, বিএসএমএমইউয়ের উপাচার্য অধ্যাপক ডা. কামরুল হাসান খান, বাংলাদেশ মেডিক্যাল অ্যাসোসিয়েশনের সভাপতি অধ্যাপক ডা. মাহমুদ হাসান, ঢাকা বিশ্ববিদ্যালয় মেডিক্যাল শিক্ষা অনুষদের ডিন ডা. ইসমাইল হোসেনসহ বিভিন্ন সরকারি মেডিক্যাল কলেজের অধ্যক্ষ, বিএমডিসি ও স্বাস্থ্য অধিদফতরের ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

**শেখ শহীদুল ইসলামের বাসায় স্বাস্থ্যমন্ত্রী :** স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী মোহাম্মদ নাসিম গতকাল রবিবার জাতীয় পার্টির (জেপি) সাধারণ সম্পাদক ও সাবেক মন্ত্রী শেখ শহীদুল ইসলামকে দেখতে তার বাসায় যান। শেখ শহীদুল ইসলাম হৃদরোগে আক্রান্ত হয়ে ইউনাইটেড হাসপাতালের চিকিৎসা শেষে গত বুধবার বাসায় যান। চিকিৎসকের পরামর্শে তিনি পূর্ণ বিশ্রামে আছেন। মন্ত্রী তার শয্যাপাশে কিছু সময় কাটান এবং চিকিৎসার খোঁজ-খবর নেন। তার দ্রুত রোগ মুক্তি কামনা করেন মন্ত্রী।